

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৬৪.৭৬(১)- ৩২

তারিখ: ২০ চৈত্র ১৪৩০
০৩ এপ্রিল ২০২৪

বিষয় : লক্ষ্মীপুর পৌরসভার ০১ ও ০২ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ ইব্রাহীম খলিল এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর পৌরসভার ০১ ও ০২ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ ইব্রাহীম খলিল উক্ত পৌরসভার ০১ ও ০২ নং ওয়ার্ডের বাসিন্দা না হওয়ায়, জেলা রেজিস্ট্রার, লক্ষ্মীপুর এর পরিদর্শন কার্যক্রমে তিনি কখনো রেকর্ড উপস্থাপন না করায়, নিকাহ ও তালাক রেজিস্ট্রি কাজে ব্যবহার্য ক্যাটালগ, সূচী বই সংগ্রহের জন্য তিনি কখনো দাপ্তরিক অনুমোদন না নেওয়ায়, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় জেলা রেজিস্ট্রার, লক্ষ্মীপুর কর্তৃক ২৪/০৫/২০২৩ খ্রি. তারিখে আয়োজিত প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত হওয়ার জন্য ডাকযোগে পত্র প্রেরণ করা হলেও তিনি তা গ্রহণ না করায়, প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত না হওয়ার বিষয়টি জেলা রেজিস্ট্রার, লক্ষ্মীপুর এর তদন্তে প্রমাণিত হওয়ায়, নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ ইব্রাহীম খলিল কর্তৃক কারণ দর্শানোর জবাব দাখিল না করায় ও তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় তাঁর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো। উক্ত শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ ইব্রাহীম খলিল এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, লক্ষ্মীপুর-কে নির্দেশ প্রদান করা হলো। শূন্যঘোষিত উক্ত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করে এ বিভাগে প্রেরণের জন্য সাব-রেজিস্ট্রার, সদর, লক্ষ্মীপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

স্বা.

(সাইদুজ্জামান শরীফ)

সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৬৪.৭৬(১)- ৩২

তারিখ: ২০ চৈত্র ১৪৩০
০৩ এপ্রিল ২০২৪

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। জেলা রেজিস্ট্রার, লক্ষ্মীপুর।
- ০৬। সাব-রেজিস্ট্রার, সদর, লক্ষ্মীপুর।
- ০৭। জনাব মোঃ ইব্রাহীম খলিল, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ০১ ও ০২ নং ওয়ার্ড, লক্ষ্মীপুর পৌরসভা, লক্ষ্মীপুর।
- ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

(সাইদুজ্জামান শরীফ)

সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮